## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 14 MAY 2026 ,THURSDAY|১৪ মে ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-161


## দুর্নীতিগ্রস্ত সরকারি কর্মচারী এবং নেতাদের তালিকা বানানো শুরু হয়েছে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ মে :** দুর্নীতির জংশনে পরিণত হয়ে গেছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক। উন্নয়নের নামে টেন্ডার করে কাজ হয়নি কিন্তু বিল উঠে গেছে। কাজ করতে গিয়ে ব্যাপক দুর্নীতি করেছেন ঠিকাদার সহ প্রশাসনিক কর্তা এবং সরকারি কর্মচারীরা। উন্নয়নের কাজ করতে গিয়ে মোটা অংকের টাকা দাবি করেছেন অনেক নেতা যার ফলে বন্ধ হয়ে আছে উন্নয়নের কাজ মাঝ রাস্তায়। ব্যাপক পরিমাণ দুর্নীতি হয়েছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে। নির্বাচনের কাজ থেকে শুরু করে সবখানেই ব্যাপক দুর্নীতি আর এর পরেই নড়েচড়ে বসেছেন বিজেপির নেতৃত্বরা। তৃণমূলের আমলের দুর্নীতিগ্রস্ত রাজনৈতিক নেতা প্রশাসনিক কর্তা এবং সরকারি কর্মচারীদের নামের তালিকা বানানো হচ্ছে। আগামী রবিবারের মধ্যে দুর্নীতিগ্রস্ত কর্মীদের পূর্ণ তালিকার কাজ সম্পূর্ণ হবে। সরাসরি থানায় অভিযোগ হতে পারে তাদের বিরুদ্ধে। থানায় অভিযোগের ২৪ ঘন্টার মধ্যেই গ্রেফতার হয়ে যেতে পারেন দুর্নীতিগ্রস্ত আধিকারিক থেকে শুরু করে রাজনৈতিক নেতারা এমনটাও শোনা গেছে নেতৃত্বের মুখ থেকে।

## ব্লক ক্যাম্পাসে নষ্ট জলের কল, হয়রানি আমজনতার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ মে :** আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক ক্যাম্পাসে পঞ্চায়েত সমিতির অফিসের সামনেই নষ্ট হয়ে পড়ে আছে পানীয় জল প্রকল্প। দু বছরের অধিক সময় ধরে পানীয় জল খেতে পারছেন না ব্লক ক্যাম্পাসে আসা জনতা। পঞ্চায়েত সমিতির অফিসের ২০ মিটারের মধ্যেই ঠান্ডা গরম পানীয় জলের ব্যবস্থা করা হয়েছিল সরকারিভাবে। দুই বছরের অধিক সময় ধরে বিভিন্ন প্রশাসনিক মহলে পানীয় জলের জন্য বারবার জানানো হলেও কোনরকম পদক্ষেপ গ্রহণ করেননি প্রশাসনিক কর্তারা। ফলে সাধারণ বাসিন্দারা বিশুদ্ধ পানীয় জল থেকে বঞ্চিত হয়েছেন ব্লক ক্যাম্পাসে এসে। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিস থেকে কয়েক কোটি টাকার উন্নয়ন করা হয়েছে গত দু বছরে ব্লকের বিভিন্ন প্রান্তে। ব্লক ক্যাম্পাসে মুখ থুবড়ে পড়ে রয়েছে পানীয় জল প্রকল্প প্রশাসনিক মহলে জানিয়েও কোন কাজ হয়নি হলে প্রশ্ন উঠেছে পঞ্চায়েত সমিতির অফিসের সামনে পানীয় জলের কল নষ্ট হওয়ার পরেও কেন তারা গুরুত্ব দিয়ে বিষয়টি দেখেননি ?

## কিভাবে করা যাবে অন্নপূর্ণা ভাণ্ডারের আবেদন ,জানালেন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১৩ মে :** আগের সরকারের কোনও জনমুখী প্রকল্প বন্ধ হবেনা জানিয়েছেন রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মহাশয়। তবে লক্ষ্মীর ভাণ্ডারের বদলে অন্নপূর্ণা ভাণ্ডার চালু। যাদের লক্ষ্মীর ভাণ্ডারে অ্যাকাউন্ট রয়েছে ,তাদের কি আবার নতুন ব্যাংক অ্যাকাউন্ট খুলতে হবে অথবা ব্যাংক অ্যাকাউন্টে টাকা ঢুকবে তো ? এখন এই কথাই বহু মানুষের মুখে ঘুরছে । তবে মানুষের এই সমস্যা সমাধানে রাজ্যের মাননীয় মন্ত্রী অগ্নিমিত্রা পাল।এদিন সাংবাদিক সম্মেলন করে রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পাল পরিষ্কার জানিয়ে দিলেন কিভাবে আবেদন করা যাবে অন্নপূর্ণা ভাণ্ডারের। অগ্নিমিত্রা পাল জানান যারা ক্লাস ১ অথবা ২ পাশ তারাও যাতে খুব সহজেই ফর্ম ফিলাপ করতে পারে তারজন্য অনলাইনে ব্যবস্থা করা হবে। ১ লা জুন থেকে চালু হবে এই অন্নপূর্ণা ভাণ্ডার। মন্ত্রী অগ্নিমিত্রা পাল এও বলেন যারা লক্ষ্মীর ভাণ্ডার পেতেন তারা অন্নপূর্ণা ভাণ্ডার পাবেন । আর যারা দেশের নাগরিক নন তাদের নাম ভোটার লিস্টে কাটা গেছে ,বাংলাদেশী নাগরিক এবং মারা গেছে তারা অন্নপূর্ণা ভাণ্ডার পাবেন না ,তবে যারা ট্রাইব্যুনালে আবেদন করেছেন এবং যারা সিএএ এর জন্য আপিল করেছেন তারাও অন্নপূর্ণা ভাণ্ডার পাবেন । এদিন রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পাল এও জানান জুন মাসের ১ তারিখ থেকে মহিলারা অন্নপূর্ণা ভাণ্ডারে প্রতি মাসে ৩ হাজার টাকা করে পাবেন এবং মহিলারা সরকারি বাসে সম্পূর্ণ বিনামূল্যে যাতায়াত করতে পারবেন । অগ্নিমিত্রা পাল এও বলেন যা প্রতিশ্রুতি দেওয়া হয়েছে সব পূরণ করবে বিজেপি সরকার।

## বাঁশঝাড় থেকে উদ্ধার নয় ফুট দীর্ঘ অজগর



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,১৩ মে :** জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের হরিচরনভিটায় একটি পোল্ট্রি ফার্মের পাশের এক বাঁশঝাড় থেকে বুধবার সকালে উদ্ধার হয় একটি নয় ফুট দীর্ঘ অজগর সাপ। জানা গেছে এদিন সকালে স্থানীয়রা পোল্ট্রি ফার্মের পাশে অজগরটিকে দেখতে পান। তাদের ধারনা পোল্ট্রি ফার্মের মুর্গি খেতেই অজগরটি হানা দিয়েছিলো। লোকজনের সাড়া পেয়ে অজগরটি দ্রুত পোল্ট্রি ফার্মের পাশের একটি বাঁশঝাড়ে উঠে পড়ে। দীর্ঘক্ষনের চেষ্টায় স্থানীয়রাই অজগরটিকে বাঁশঝাড় থেকে উদ্ধার করে বন দপ্তরের আমবাড়ি রেঞ্জের কর্মীদের খবর দেন। খবর পেয়ে রেঞ্জের বনকর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। স্থানীয়রা অজগরটিকে বন কর্মীদের হাতে তুলে দেন। বন কর্মীরা জানান সাপটি রক পাইথন প্রজাতির।

# ভাটি বাড়িতে পুকুরের মাঝখানে গাড়ি ,মৃত্যু একজনের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ মে :** পুকুরের জলে পড়ে গেল একটি বিলাসবহুল গাড়ি। আর এর ফলে মৃত্যু হয়েছে একজনের। বিলাস বহুল গাড়িতে থাকা অপরজন বেঁচে গেছেন তবে পুকুর থেকে গাড়িটি সাত সকালে তুলেই পালিয়ে গেছেন তিনি ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার দক্ষিণ ভাটিবাড়ি এলাকায়। মৃত ব্যক্তির নাম অমিত কুমার দাস। তার পরিবার সূত্রে জানা গেছে মঙ্গলবার গভীর রাতে তার বাড়িতে এসেছিলেন কয়েকজন বন্ধু। বাড়ি থেকে বের হওয়ার সময় বন্ধুদের বিলাসবহুল গাড়িটি পাকা রাস্তায় তুলে দিতে গিয়ে পুকুরের জলে পড়ে যায় গাড়িটি। গাড়িতে থাকা তার বন্ধু বেঁচে গেলেও অমিত বাবু গাড়িতেই আটকে যান। এরপর তাকে কোনোভাবে উদ্ধার করে পারিবারিক গ্রামীণ হাসপাতাল থেকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয় জেলা হাসপাতাল থেকে শিলিগুড়ি নিয়ে যাওয়ার পথে তার মৃত্যু হয়। এরপর তার মৃতদেহ নিয়ে আসা হয়েছে তার বাড়িতে। পুলিশ তার বাড়ি থেকে তার মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। ময়না তদন্ত শিশু মৃতদেহ তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়। এদিকে গাড়ির মালিক ক্রেন দিয়ে পুকুর থেকে গাড়িটি তুলে নিয়ে হাপিস হয়ে যান গাড়িসহ। তার কোন খোঁজ পাওয়া যায়নি। মৃত অমিত কুমার দাস এর বন্ধুর বাড়ি ভাটি বাড়ি এলাকাতেই।

# আগুনে ভস্মিভূত একটি বাড়ি সহ পাঁচটি দোকান




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১৩ মে :** মঙ্গলবার সকালে দিনহাটা ১ ব্লকের ওকড়াবাড়ি বাজারে একটি ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটে । এই ঘটনায় একটি বাড়ি সহ পাঁচটি দোকান সম্পূর্ণ ভাবে আগুনে ক্ষতিগ্রস্ত হয়েছে। কিছুক্ষন পর দিনহাটা থেকে দমকলের দুটো ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছালে স্থানীয়দের সহযোগিতায় দমকল কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনে। প্রত্যক্ষদর্শী রা জানান এক ব্যক্তির মিষ্টির দোকানে রান্নার গ্যাস সিলিন্ডার থেকে এই আগুন ছড়িয়ে পড়ে এবং পরে তা আরও ভয়াবহ আকার ধারণ করে।প্রাথমিক ভাবে ক্ষতির পরিমান পনেরো লক্ষাধিক টাকা বলে মনে করা হচ্ছে। স্থানীয়রা অভিযোগ করেন এলাকায় পর্যাপ্ত অগ্নিনির্বাপণ ব্যবস্থার অভাব রয়েছে। যার ফলেই আগুন ভয়াবহ আকার ধারণ করে।

# পাঞ্জাবে জোড়া খুন ,আলিপুরদুয়ারে গ্রেপ্তার তিনজন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ মে :** পাঞ্জাবের বহুল চর্চিত বাটালা জোড়া খুনকাণ্ডে বড় সাফল্য পেল পাঞ্জাব পুলিশ। মঙ্গলবার রাতে আলিপুরদুয়ারের জয়গাঁওয়ে ভারত-ভুটান সীমান্ত লাগোয়া এলাকা থেকে বিদেশে পলাতক গ্যাংস্টার হ্যাপি জাটের ঘনিষ্ঠ তিন শুটারকে গ্রেফতার করল পাঞ্জাব এবং বাংলার পুলিশ। ধৃতরা হলেন, যতীন সিং, সাজনদীপ সিং ও মেহেকদীপ সিং এরা প্রত্যেকেই অমৃতসরের বাশিন্দা। তিনজনই ভারত-ভুটানের অবারিত সীমান্ত পেরিয়ে দক্ষিণ-পূর্ব এশিয়ার কোনো দেশে পালানোর ছক কষেছিল বলে জানতে পেরেছে পুলিশ।পাঞ্জাব পুলিশের অ্যান্টি গ্যাংস্টার টাস্ক ফোর্স (এজিটিএফ), ওভারসিজ ফিউজিটিভ ট্র্যাকিং অ্যান্ড এক্সট্রাডিশন সেল (ওএফটিইসি), কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা এবং আলিপুরদুয়ার জেলা পুলিশের যৌথ অভিযানে জয়গাঁও থেকে ধৃতদের পাকড়াও করা হয়। তদন্তকারীদের দাবি, গত ২৭ এপ্রিল পাঞ্জাবের বাটালায় ঘটে যাওয়া জোড়া খুনে ধৃতরা সরাসরি জড়িত ছিল।বুধবার আলিপুরদুয়ার আদালত থেকে ট্রানজিট রিমান্ড নেওয়ার পর তাঁদের পাঞ্জাবে নিয়ে যাওয়া হচ্ছে। সেখানে আরও জেরা করে খুনের নেপথ্যে থাকা গোটা চক্র সম্পর্কে তথ্য সংগ্রহের চেষ্টা চালাবে তদন্তকারী দল। উল্লেখ্য, গত ২৭ এপ্রিল রাতে বাটালার উপকণ্ঠে মোটরবাইকে করে আসা চার দুষ্কৃতী তিনজনকে লক্ষ্য করে এলোপাথাড়ি গুলি চালায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় কাশ্মীর সিংহ (৪০) এবং স্থানীয় স্তরের কাবাডি খেলোয়াড় জুগরাজ সিংহের (১৯)। গুরুতর জখম হন আরও এক যুবক, যার নামও জুগরাজ সিংহ (১৮)। বর্তমানে তাঁর চিকিৎসা চলছে।

# বেআইনিভাবে ঘর বন্টন, তালা ঝুলছে নয় দিন ধরে ,তদন্তে বিডিও



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ মে :** বিধানসভা ভোট গণনার পরের দিন থেকেই আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের যশোডাঙ্গা বাজার এলাকায় তৃণমূলের টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েত প্রধান অঞ্চল চেয়ারম্যান আইএনটিটিইউসির অঞ্চল সভাপতি এলাকার যুবনেতা এবং তৎকালীন কিষান ক্ষেত মজদুর তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতির দোকান তালা দিয়ে দিলেন। ইতিমধ্যেই কেটে গেছে নয় দিন। এমনকি আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক এর কাছে দোকান নিয়ে লিখিত অভিযোগের দায়ের করলেন বিজেপির কর্মী এবং নেতৃত্বরা। জানা গেছে আলিপুরদুয়ার ২ পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে পাঁচটি দোকান তৈরি করা হয়েছিল পঞ্চায়েত সমিতির আয় বাড়ানোর লক্ষ্যে। আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে আলিপুরদুয়ার দুই ব্লকের তৃণমূল পরিচালিত পঞ্চায়েত সমিতির সভাপতি এবং আলিপুরদুয়ার দুই ব্লকের তৎকালীন বিডিও নিমা শেরিং শেরপা বেআইনিভাবে তৃণমূল নেতাদের হস্তান্তর করেছেন প্রত্যেক দোকান মাসিক দেড় হাজার টাকার বিনিময়ে। তৃণমূল নেতাদের দোকান ঘর দেওয়ার পরেই তৎকালীন আলিপুরদুয়ারের জেলা শাসক থেকে শুরু করে বিভিন্ন প্রশাসনিক মহলে অভিযোগ দায়ের করা হয়েছিল। কিন্তু অভিযোগ ধামাচাপা হয়ে গেছে শাসকদলের নেতা দেখে। পশ্চিমবঙ্গের সরকারের পরিবর্তন হয়েছে আর এরপরেই দোকানের তালা পড়েছে বিজেপির পক্ষ থেকে। লিখিত অভিযোগ দায়ের হয়েছে সমষ্টি উন্নয়ন আধিকারিক এর কাছে। আলিপুরদুয়ার দুই ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক সন্দীপ ঘোষ জানিয়েছেন দোকান তালা দেওয়া নিয়ে তদন্ত শুরু হয়েছে।

# পথ চলতি বাইক চালকদের সচেতন করলেন ডিএসপি ট্রাফিক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ মে :** হেলমেট বিহীন বাইক চালকদের সচেতন করতে আলিপুরদুয়ার জেলা পুলিশের পক্ষ থেকে ট্রাফিক ডিএসপির শান্তনু তরফদার শামুকতলা থানার ট্রাফিক অফিসার বাবলু রায় এবং শামুকতলা থানার অন্যান্য পুলিশের উপস্থিতিতে জনগণকে সচেতন বার্তা দেওয়া হয় শামুকতলা থানার ডাঙ্গী এলাকায়। জনবহুল এলাকা বলে পরিচিত শামুকতলা থানার ডান্ডি এলাকা। এই এলাকাতেই প্রচুর পরিমাণ দুর্ঘটনা ঘটেছে বাইক চালকরা মাথায় হেলমেট না দেওয়ায়। এদিন ডাংগি চৌপথি এলাকায় বেপরোয়া ভাবে বাইক চালানো মদ খেয়ে বাইক চালানো এবং হেলমেট ছাড়া বাইক চালানো নিয়ে জনগণকে সচেতন করা হয়। এছাড়াও ডাংগী এলাকায় রাজ্য সড়কের পাশেই অস্থায়ী দোকান নিয়ে বসেন ব্যবসায়ীরা প্রতিনিয়ত এর ফলে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে। ফুটপাত তখন মুক্ত করার আবেদন জানিয়েছেন ব্যবসায়ীদের কাছে ট্রাফিক ডিএসপি শান্তনু তরফদার।

# প্রেম করে বিয়ের সাত দিনের মধ্যেই মৃত্যু



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ মে :** প্রেম করে বিয়ে করার সাত দিনের মধ্যেই গণধোলাই দেওয়া হয় জামাইকে শ্বশুর বাড়ি এলাকায়। আর এরপরেই বিষ খেয়ে আত্মহত্যা করে সদ্য বিবাহিত ২৪ বছরের যুবক রাজীব সরকার। মৃত রাজীব সরকারের বাড়ি আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতের দক্ষিন ঢালকর এলাকায়। মৃত যুবকের ছোট বোন তার দাদাকে মৃত্যুর প্ররোচনা দেওয়ার অভিযোগ দায়ের করেছেন পুলিশের কাছে। অভিযোগের পরিপ্রেক্ষিতে পুলিশ তদন্ত শুরু করে গ্রেপ্তার করেছে মৃত যুবকের শাশুড়িকে। বাকি অভিযুক্তরা পলাতক রয়েছেন জানা গেছে পুলিশের কাছ থেকে। মৃত যুবকের বোন লিখিত অভিযোগে জানিয়েছেন তার দাদাকে মারধরের ঘটনায় চারজন জড়িত রয়েছে তাছাড়া তার দাদার মৃত্যুর দরুণ দায়ী রয়েছেন তার শ্বশুরবাড়ির লোকেরা। প্রেম করে বিয়ে করে সাত দিনের মধ্যে যুবকের মৃত্যুর দরুন শোকের ছায়া নেমে এসেছে ঢালকর এলাকায়।

# পূর্ব শালবাড়িতে বাড়ি থেকে গৃহবধূর ঝুলন্ত দেহ উদ্ধার




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৩ মে :** বুধবার কুমারগ্রাম ব্লকের ভল্কা-বারবিশা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের পূর্ব শালবাড়ি এলাকায় বাড়ি থেকে এক গৃহবধূর ঝুলন্ত দেহ উদ্ধার হল। ঘটনার জেরে এলাকায় ব্যাপক শোরগোল পড়েছে। জানা গিয়েছে, মৃতার নাম রনিমা রাভা, বয়স ৩০। এদিন বাড়িতে ওই গৃহবধূকে ঝুলন্ত অবস্থায় দেখা যায়। তাঁকে উদ্ধার করে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ হাসপাতাল থেকে মৃতদেহ উদ্ধার করেছে। বৃহস্পতিবার দেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হবে। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, পারিবারিক অশান্তির কারণে এই ঘটনা ঘটেছে।

# শামুকতলা থানা এলাকায় গৃহবধূকে ধর্ষণ ,অভিযোগ পুলিশের কাছে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ১৩ মে :** শামুকতলা থানা এলাকার এক গৃহবধূকে ধর্ষণ করার অভিযোগ দায়ের হয়েছে শামুকতলা থানার পুলিশের কাছে। শামুকতলা থানা এলাকার এক গৃহবধূর সঙ্গে ভালোবাসার সম্পর্ক গড়ে উঠেছিল মোবাইল মারফত লোকনাথপুর এলাকার এক ব্যক্তির সঙ্গে। দীর্ঘদিন যাবত তাদের মধ্যে কথাবার্তা হতো এবং বিবাহের প্রতিশ্রুতি দিয়ে তাকে একাধিকবার ধর্ষণ করা হয়েছে বলে অভিযোগ গৃহবধূর। এমনকি মঙ্গলবার রাতেও ওই গৃহবধূকে কোন মারফত ওই ব্যক্তির বাড়িতে ডেকে নিয়ে গিয়ে ইচ্ছার বিরুদ্ধে ধর্ষণ করা হয়। ধর্ষণ করার পর তার পরিবারের অন্যান্য সদস্যরা মিলে তাকে বেধড়ক ভাবে পিটিয়ে বাড়ি থেকে বের করে দেয়। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। বুধবার বিকেলে পুলিশের দ্বারস্থ হন ওই গৃহবধূ। পুলিশ অভিযোগ পাওয়ার পরেই একটি ধর্ষণের মামলা শুরু করেছে।

# আগুনে পুড়ে গেলো একটি কাঠের আসবাবপত্রের কারখানা ,ক্ষতির পরিমান কয়েক কোটি টাকা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি , ১৩ মে :** বুধবার ভোরে এক ভয়াবহ আগুনে পুড়ে যায় শিলিগুড়ি লাগোয়া মাটিগাড়া থানার পতিরাম জোত এলাকার ফনিলনগর এর একটি কাঠের আসবাবপত্র তৈরির কারখানা। জানা গেছে এদিন ভোর রাতে আগুন দেখতে পেয়ে স্থানীয়রা খবর দেন দমকল কেন্দ্রে। খবর পেয়ে দমকল কর্মীরা ইঞ্জিন নিয়ে ছুটে যান কিন্তু রাস্তা না থাকায় ইঞ্জিন নিয়ে তারা ঢুকতে পারেননি। পরে একটি ছোট ইঞ্জিন নিয়ে দমকল কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রনের কাজ শুরু করেন। ততক্ষনে কারখানাটি পুড়ে যায়। আগুন লাগার সঠিক কারন জানা যায়নি। কারখানার মালিক তরুন রায় জানান ক্ষতির পরিমান কয়েক কোটি টাকা। মাটিগাড়া থানার পুলিশ আগুন লাগার কারন জানতে তদন্ত শুরু করেছে।

# দিনহাটা মহকুমা পুলিশ আধিকারিকের উপস্থিতিতে সমন্বয় সভা





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১৩ মে :** রাজ্য সরকারের নির্দেশে দিনহাটা মহকুমা পুলিশ আধিকারিক প্রশান্ত দেবনাথের উপস্থিতিতে বুধবার দিনহাটা থানা এলাকার নয়ারহাট তদন্ত কেন্দ্রে অনুষ্ঠিত হয় একটি সমন্বয় বৈঠক। বৈঠকে সর্বধর্মের প্রতিনিধিগন সহ উপস্থিত ছিলেন নয়ারহাট তদন্ত কেন্দ্রের ও সি হিমাদ্রি ঘোষ, সাহেবগঞ্জ থানার ও সি নকুল রায়। বৈঠকে ধর্মীয় স্থানে কম উচ্চস্বরে লাউড স্পিকার বাজানো বা ব্যবহার করা, পশ্চিমবঙ্গ সরকারের স্লটার কন্ট্রোল এ্যাক্ট অনুযায়ী নির্ধারিত এস ও পি মেনে পশু জবাই সংক্রান্ত বিধিনিষেধ ও নির্দেশাবলী পালন করার জন্য উপস্থিত প্রতিনিধিদের বলা হয় বলে জানান মহকুমা পুলিশ আধিকারিক।

# পাচারের সময় বাজেয়াপ্ত বালি ভর্তি ট্রাক্টর ,গ্রেপ্তার চালক



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের ফালাকাটা থানার পুলিশ মঙ্গলবার রাতে নির্ভরযোগ্য সূত্রে খবর পায় একটি ট্রাক্টরে অবৈধভাবে বালি বোঝাই করে পাচার করা হচ্ছে। খবর পেয়ে পুলিশ রাতেই থানা এলাকার ধনীরামপুর দুই নম্বর গ্রাম পঞ্চায়েতের গদীখানা মোড়ে নাকা চেকিং বসায়। নাকা চেকিং এ বালি বোঝাই একটি সবুজ রঙের ট্রাক্টর আটক করা হয়। চালক বালি পরিবহনের কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় বালি সহ ট্রাক্টরটিকে বাজেয়াপ্ত করে চালককে গ্রেপ্তার করে পুলিশ। চালকের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে বুধবার আলিপুরদুয়ার জেলা আদালতে পেশ করা হয়। পুলিশ সুত্রে জানানো হয়েছে অবৈধ যে কোনো কার্যকলাপের বিরুদ্ধে জেলাজুড়ে এধরনের অভিযান নিয়মিত চালানো হবে।

# হেলমেট বিহীন বাইক চালকদের বিরুদ্ধে অভিযান পুলিশের



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ মে :** প্রতি বছর বাইক দুর্ঘটনায় প্রচুর মানুষ প্রাণ হারান রাজ্যে এর প্রধান কারন হেলমেট না পড়ে বাইক চালানো। সাধারন মানুষের নিরাপত্তার কথা মাথায় রেখে আলিপুরদুয়ার জেলা পুলিশ মঙ্গলবার রাতে জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তা, রাস্তার মোড়, ট্রাফিক পয়েন্ট এলাকায় নাকা চেকিং পরিচালনা করে। হেলমেট বিহীন বাইক চালকদের হেলমেট পড়ে বাইক চালানোর পরামর্শ দেওয়া হয়। উল্লেখ্য হেলমেট ছাড়া বাইক চালালে আইন অনুযায়ী এক হাজার টাকা জরিমানা করার পাশাপাশি চালকের ড্রাইভিং লাইসেন্স ও বাতিল করা হতে পারে। পুলিশের এই অভিযানে ড্রাইভ সেফ স্টে সেফ বার্তা দেওয়া হয় । উল্লেখ্য রাজ্যের নতুন সরকার বুধবার ঘোষনা করে বাইক চালানোর সময় হেলমেট পড়া বাধ্যতামূলক। পুলিশ জানায় এই অভিযান নিয়মিত জেলা জুড়ে চলবে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |